REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-06-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**যোগা রেলী:**

আজ আন্তর্জাতিক যোগা দিবস রাজ্যস্তরের মূল অনুষ্ঠান আজ সকাল ৯টায় হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে শুরু হবে। এতে মুখ্যমন্ত্রী প্রফেসার ডা. মানিক সাহা, ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, রাজ্য প্রশাসনের শীর্ষ আধিকারীক সহ যোগা খেলোয়াড়, কর্মকর্তারা অংশ নেবেন।

*************

**Yoga day Governor :**

এদিকে আন্তর্জাতিক যোগা দিবস উপলক্ষ্যে সকাল সাড়ে সাতটায় আসাম রাইফেল পাবলিক স্কুলে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। রাজ্যপাল বিকাল ৫ টায় মুক্তধারা অডিটরিয়ামে যোগ দিবস উপলক্ষ্যে প্রজাপতি ব্রম্মাকুমারি আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।সকালে লিচুবাগান এলবার্ট এক্কা পার্কে সেনাবাহিনীর জোয়ানরা যোগাভ্যাস করেন ।

************

**Sheikh Hasina-India :**

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা দু’দিনের ভারত সফরে আজ নয়াদিল্লি আসছেন। বিদেশমন্ত্রক জানিয়েছে, দুই দিনের সফরকালে শেখ হাসিনা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। তিনি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় ও বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্করের সঙ্গে সাক্ষাত করার কথা রয়েছে।

*************

**Garib rath train :**

উত্তর পূর্ব সীমান্ত রেল জুলাই থেকে দুই জোড়া গরিব রথ এক্সপ্রেস ট্রেন পরিষেবা আবারও চালু করার সিদ্ধান্ত নিয়েছে। এই দুটি ট্রেন চলবে আগরতলা - কলকাতা এবং গুয়াহাটি - কলকাতা রেল লাইনে। উত্তর পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে গতকাল জানিয়েছেন, আগামী ৩ জুলাই আগরতলা থেকে গরীব রথ এক্সপ্রেস রওনা হবে। প্রত্যেক বুধবার এই ট্রেন আগরতলা চলবে। অন্যদিকে, প্রত্যেক রবিবার রাত ৯ টা ৪০ মিনিটে কলকাতা থেকে আগরতলার উদ্দেশ্যে গরিব রথ এক্সপ্রেস রওনা দেবে। পৌঁছবে মঙ্গলবার ভোর ৫ টা ১৫ মিনিট নাগাদ।এই ট্রেন ধর্মনগর, নিউ হাফলং, গুয়াহাটি, গোয়ালপাড়া টাউন, নিউ বঙ্গাইগাও , নিউ আলিপুরদুয়ার, নিউ জলপাইগুড়ি, মালয়া টাউন, কাটোয়া জংশন , ব্যান্ডেল জংশন ষ্টেশন হয়ে চলাচল করবে বলে জানান শ্রী দে।

*************

**workshop on 03 new law :**

আজ নরসিংগড়ে ত্রিপুরা জুডিশিয়াল একাডেমিতে নতুন তিন ফৌজদারি আইনের উপর মিডিয়া ওয়ার্কশপের আয়োজন করেছে পিআইবি। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অ্যাডভোকেট জেনারেল সিদ্ধার্থ শংকর দে এবং রাজ্য পুলিশের ইন্টিলিজেন্স বিভাগের মহানির্দেশক অনুরাগ। এছাড়া থাকবেন পশ্চিম জেলার জেলা শাসক ডঃ বিশাল কুমার, ত্রিপুরা জুডিশিয়াল একাডেমির অধিকর্তা আশুতোষ পান্ডে, ওয়ার্কশপে মুল বক্তা হিসেবে থাকবেন জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ডঃ নচিকেতা মিত্তল। অনুষ্ঠানে আইন কলেজের ছাত্রছাত্রী, সাংবাদিক সহ সংশ্লিষ্টরা উপস্থিত থাকবেন।

***************

**NET :**

কেন্দ্রীয় সরকার চলতি বছরের ইউজিসি নেট পরীক্ষা বাতিল বলে ঘোষণা করেছে। পরীক্ষা হওয়ার একদিনের মধ্যেই তা বাতিল করা হয়। এনটিএ-র তরফে জানানো হয়েছে, স্বরাষ্ট্র মন্ত্রকের সাইবার ক্রাইম শাখায় আসা একাধিক কারচুপির অভিযোগের ভিত্তিতেই নেট পরীক্ষা বাতিল করে দেওয়া হয়েছে। ন্যাশনাল টেস্টিং এজেন্সি বা এনটিএ-র তরফে জানানো হয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে ন্যাশনাল সাইবার ক্রাইম থ্রেট অ্যানালিসিস ইউনিট কিছু সন্দেহজনক তথ্য দিয়েছে, যার ভিত্তিতে মনে করা হচ্ছে যে পরীক্ষায় বেনিয়ম হয়েছে। বাতিল হওয়া নেট পরীক্ষা ফের নেওয়া হবে তবে সেই পরীক্ষা কবে হবে, সে বিষয়ে কিছু জানানো হয়নি।

*************

Girls Budhjung - CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বোধজং গার্লস স্কুলের হোস্টেলে খাদ্যে বিষক্রিয়ার কারনে ছাত্রীদের অসুস্থ হওয়ার ঘটনায় পূর্ণাঙ্গ রিপোর্ট দিতে গতকাল সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। তিনি জিবি হাসপাতালে গিয়ে অসুস্থ ছাত্রীদের শারীরিক অবস্থা ও চিকিৎসার খোঁজখবর নেন। এই ঘটনায় জনজাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে হোস্টেলের ওয়ার্ডেন এবং কেয়ারটেকারকে অপসারিত করার নির্দেশ দেওয়া হয়েছে। হোস্টেল পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত স্বেচ্ছাসেবী সংস্থাকে দপ্তরের পক্ষ থেকে কারন দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে।

*******************

Kharchi festival:

চতুর্দশ দেবতার বাড়িতে ঐতিহ্যবাহী খার্চি পূজা ও মেলা আগামী ১৪ জুলাই থেকে শুরু হচ্ছে। এ উপলক্ষে পশ্চিম জেলার জেলাশাসক অফিসের কনফারেন্স হলে গতকাল মেলা প্রস্তুতি কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পশ্চিম জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার, পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল সহ অন্যরা। উৎসব উপলক্ষে রাস্তাঘাট সংস্কার, পুরাতন হাভেলি ও চতুর্দশ দেবতার মন্দির সাজিয়ে তোলার বিষয়ে বৈঠকে আলোচনা হয়েছে।

* * * * * * * * * * * *

**আরাধ্যা ষষ্ঠ**:

কাজাকিস্তানে অনুষ্ঠিত এশিয়ান যুব অনূর্ধ্ব ১০ বছরের মেয়েদের দাবা প্রতিযোগিতার ব্লিটস আসরে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্য দাস ষষ্ঠ স্থান পেল। গতকাল আসরের ব্লিটস বিভাগের খেলা হয়। এতে নয় রাউন্ডে সাড়ে ছয় পয়েন্ট পায় আরাধ্যা । এর আগে ক্লাসিকেল ইভেন্টে তৃতীয় এবং র‍্যাপিড ইভেন্টে চতুর্থ স্থান দখল রাজ্যের উদীয়মান এই দাবাড়ু।

*************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত পূর্বাভাসে আগরতলা আবহাওয়া দপ্তর জানিয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। বিক্ষিপ্তভাবে দু এক পশলা বৃষ্টি হতে পারে। দুপুরে সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

*************

**************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত পূর্বাভাসে আগরতলা আবহাওয়া দপ্তর জানিয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে। বিক্ষিপ্তভাবে দু এক পশলা বৃষ্টি হতে পারে। দুপুরে সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

**NET :**

কেন্দ্রীয় সরকার চলতি বছরের ইউজিসি নেট পরীক্ষা বাতিল বলে ঘোষণা করেছে। পরীক্ষা হওয়ার একদিনের মধ্যেই তা বাতিল করা হয়। এনটিএ-র তরফে জানানো হয়েছে, স্বরাষ্ট্র মন্ত্রকের সাইবার ক্রাইম শাখায় আসা একাধিক কারচুপির অভিযোগের ভিত্তিতেই নেট পরীক্ষা বাতিল করে দেওয়া হয়েছে। ন্যাশনাল টেস্টিং এজেন্সি বা এনটিএ-র তরফে জানানো হয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে ন্যাশনাল সাইবার ক্রাইম থ্রেট অ্যানালিসিস ইউনিট কিছু সন্দেহজনক তথ্য দিয়েছে, যার ভিত্তিতে মনে করা হচ্ছে যে পরীক্ষায় বেনিয়ম হয়েছে। বাতিল হওয়া নেট পরীক্ষা ফের নেওয়া হবে তবে সেই পরীক্ষা কবে হবে, সে বিষয়ে কিছু জানানো হয়নি।

রিপিট

**Sheikh Hasina-India :**

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা দু'দিনের ভারত সফরে আজ নয়াদিল্লি আসছেন। গতকাল বিদেশমন্ত্রক জানিয়েছে, এই দুই দিনের সফরকালে শেখ হাসিনা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে

দ্বিপাক্ষিক বৈঠক করবেন। তিনি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় ও বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্করের সঙ্গে সাক্ষাত করার কথা রয়েছে।

রিপিট্

Yoga Day-Sports Minister : **২১-০৬-২০২৪**

দশম আন্তর্জাতিক যোগ দিবস। এ উপলক্ষ্যে আগরতলার হাঁপানিয়ায় আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে রাজ্যস্তরের মূল অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা । সকাল ৯টায় অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ছাড়া ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, ডেপুটি স্পিকার রামপ্রসাদ পাল, বিধায়িকা মীনা রাণী সরকার, মুখ্য সচিব জে কে সিনহা, ক্রীড়া দপ্তরের সচিব পি কে চক্রবর্তী উপস্থিত থাকার কথা রয়েছে। আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে আজ সকালে পশ্চিম জেলা যোগা অ্যাসোসিয়েশন এবং স্টেট আয়ূষ মিশনের যৌথ উদ্যোগে র‍্যালি অনুষ্ঠিত হয়। এগিয়ে চলো সংঘের প্রাঙ্গণ থেকে র‍্যালি শুরু হয়ে রাজধানীর রাজপথ পরিক্রমা করে। এদিকে, আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় জানান, হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে রাজ্যভিত্তিক আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, সিআরপিএফ, বিএসএফ, টিএসআর সহ এনএসএস-এর স্বেচ্ছাসেবীরা অংশগ্রহণ করবেন। তিনি জানান, মন ও শরীর ভালো রাখার ক্ষেত্রে যোগের গুরুত্ব অনুধাবন করে রাজ্য সরকার যোগকে ত্রিপুরা স্পোর্টস পলিসিতে সংযুক্ত করেছে। রাজ্যে বিভিন্ন

বিদ্যালয়ের পাশাপাশি ক্রীড়াদপ্তর পরিচালিত বিভিন্ন সেন্টারগুলিতেও যোগকে সামিল করা হয়েছে।

রিপিট